

নগরনিউজ

সুবিধাবঞ্চিত নারীদের হাতের কাজের প্রশিক্ষণ দিচ্ছে ভাসা ফাউন্ডেশন

প্রকাশিত: রবিবার, সেপ্টেম্বর ২৬, ২০২১



[স্টাফ কoresপন্ডেন্ট >>](#)

চট্টগ্রামের প্রায় এক হাজার সুবিধা বঞ্চিত নারীকে বিনামূল্যে সেলাই, এমব্রয়ডারি, ব্লক-বাটিক ও কারচুপি কাজের ওপর প্রশিক্ষণ কার্যক্রম শুরু করেছে বেসরকারি উন্নয়ন সংস্থা ভোলান্টারি একটিভিটিস ফর সোস্যাল অ্যান্ড হিউম্যান এডভান্সম্যান্ট ফাউন্ডেশন-ভাসা ফাউন্ডেশন। ট্রেনিং ফর স্কিল ডেভেলপমেন্ট (টিএসডি) প্রশিক্ষণ কর্মসূচির আওতায় প্রতিটি সেক্টরের প্রশিক্ষার্থীদের ৩৬০ ঘন্টা করে প্রশিক্ষণ দেয়া হবে। ইতিমধ্যেই চট্টগ্রামের পাহাড়তলী, সীতাকুন্ড, খুলশী, কুমিরা, হালিশহর এলাকায় এই প্রশিক্ষণ চলছে।

গত শনিবার (২৫ সেপ্টেম্বর) নগরীর বন্দর থানাধীন মুন্সীপাড়া এলাকায় এই প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতির বক্তব্যে প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী পরিমল কান্তি পাল বলেন, তীব্র প্রতিযোগিতার এই যুগে একজন কর্মক্ষম ব্যক্তিকে দক্ষ গড়ে তোলার কোন বিকল্প নাই। তাই আত্মকর্মসংস্থান ও দারিদ্রতা মোচনে ভাসা

ফাউন্ডেশন সুবিধাবঞ্চিত নারীদের জন্য বিভিন্ন হাতের কাজের প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করেছে। ৯৬০০ জন সুবিধাবঞ্চিত নারী এই কর্মসূচির আওতায় প্রশিক্ষণ গ্রহণ করবেন।

উদ্বোধন অনুষ্ঠানে প্রশিক্ষণের জন্য সদস্যদের মাঝে প্রশিক্ষণ সরঞ্জাম বিতরণ করা হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মো. হাবিবুল্লাহ, রাজু চৌধুরী, বিজয় পাল, রেজাইল করিম, হেলাল উদ্দিন, জান্নাতুল ফেরদৌস, মো. মানিক, রুবি, ববি, মারিয়া, তানিয়, রশিদা প্রমুখা উল্লেখ্য, ভাসা ফাউন্ডেশন ২০০৫ থেকে চট্টগ্রামের বিভিন্ন অঞ্চলে উন্নয়ন কর্মকান্ড পরিচালনা করে আসছে। এই প্রশিক্ষণ সুবিধাবঞ্চিত নারীদের আত্মনির্ভরশীল হিসেবে গড়ে উঠতে সাহায্য করবে বলে সংশ্লিষ্টরা মনে করেন।

নগরনিউজ/ ইএ/ এমআই